দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG 03 1999 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

232

### ঢাঃ বিঃতে সর্বাত্মক হরতাল পালিত

## সচেতন ছাত্র সমাজ দেশকে ভারতের দাসত্ব শৃঙ্খলে বন্দী হতে দেবে না

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ভারতকে ট্রানজিট সুবিধা দেয়ার সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে বিরোধী দলের আহবানে ৩০ ঘন্টাব্যাপী হরতালের প্রথম দিনে গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক হরতাল পালিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের যাবতীয় প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রম বন্ধ ছিল। ক্লাস এবং পরীক্ষাসমূহ বন্ধ ছিল। রাজনৈতিক সংগঠনসমূহের নেতা-কর্মী ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য ছাড়া

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

### ঢাঃ বিঃতে হরতাল

প্রথম পৃষ্ঠার পর

ক্যাম্পাস ছিল জনশূন্য। বিশ্ববিদ্যালয় এলাকায় সরকারী ছাত্র সংগঠনের ক্যাডারদের মোটর সাইকেল ছাড়া অন্য কোন যানবাহন ক্যাম্পাস এলাকায় চলাচল করেনি।

এদিকে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল বিরোধী দলের আহূত হরতালের সমর্থনে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও টিএসসিতে এক সমাবেশের আয়োজন করে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমবেশে বক্তব্য রাখেন ছাত্র দলের কেন্দ্রীয় সিনিয়র সহ-সভাপতি মঞ্জুর-এ এলাহী, মনোয়ার হোসেন রানা, রফিক সিকদার, তরিকুল ইসলাম বনী, এম এম নুরুজ্জামান, সুলতান সালাউদ্দিন টুকু, রেহানা আক্তার রানু, মোস্তাফিজুল ইসলাম মামুন প্রমুখ। সমাবেশে নেতৃবৃন্দ বলেন, এ সরকার ক্ষমতায় আসার পর একের পর এক গোলামী চুক্তি করে যাচ্ছে। তারা ভারতকে ট্রানজিট সুবিধা দেয়ার নামে এ দেশকে ভারতের দাসত্বের শৃঙ্খলে বন্দী করতে চাচ্ছে। এ দেশের সচেতন ছাত্র সমাজ কখনোই তাঁবেদার আওয়ামী সরকারকে আর তার এই দেশদ্রোহী উদ্দেশ্য সফল হতে দিবে না। সর্বস্তরের ছাত্র-জনতা ঐক্যবদ্ধ আন্দোলনের মাধ্যমে ভারতের দালাল সরকারের পতন ঘটাবে। নেতৃবৃন্দ হরতাল সফল করার জন্য ছাত্র-জনতাকে অভিনন্দন জানান। সমাবেশের পূর্বে ছাত্র দলের মিছিলটি ক্যাম্পাস, শাহবাগ, নীলক্ষেত, দোয়েল চত্বর হয়ে টিএসসিতে এসে শেষ হয়। বিভিন্ন স্থানে ছাত্র দলের শান্তিপূর্ণ মিছিলে বোমা নিক্ষেপ করা হয় বলে জানা যায়।